

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, এপ্রিল ৫, ২০২৪

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ । ]

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ  
বিদ্যুৎ বিভাগ  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
প্রজ্ঞাপন

তারিখ: ০৫ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ/২০ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ৩৪৬আইন/২০২৩।—টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১২ (২০১২ সনের ৪৮ নং আইন) এর ধারা ২৭, ধারা ৬ এর দফা (৬) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমতিক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

- ১। শিরোনাম।—এই প্রবিধানমালা জ্বালানি নিরীক্ষা প্রবিধানমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।
- ২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়,—
  - (ক) “আইন” অর্থ টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১২ (২০১২ সনের ৪৮ নং আইন);
  - (খ) “কর্তৃপক্ষ” অর্থ আইনের দ্বারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ;
  - (গ) “জ্বালানি” অর্থ আইনের ধারা ২ এর দফা (৫) এ সংজ্ঞায়িত জ্বালানি;

( ৩৯৪৭ )

মূল্য : টাকা ৪০.০০

- (ঘ) “জ্বালানি নিরীক্ষক” অর্থ প্রবিধান ৮ এর অধীন জ্বালানি নিরীক্ষা সনদপ্রাপ্ত কোনো জ্বালানি নিরীক্ষক;
- (ঙ) “জ্বালানি নিরীক্ষক সনদ” অর্থ প্রবিধান ৮ এর অধীন প্রদত্ত জ্বালানি নিরীক্ষক সনদ;
- (চ) “জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান” অর্থ প্রবিধান ২০ এর উপ-প্রবিধান (৩) এর অধীন নিবন্ধিত জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান;
- (ছ) “জ্বালানি ব্যবস্থাপক” অর্থ আইনের ধারা ২ এর দফা (৮) এ সংজ্ঞায়িত এবং প্রবিধান ১০ এর অধীন যোগ্যতা সম্পন্ন কোনো জ্বালানি ব্যবস্থাপক;
- (জ) “ডেজিগনেটেড কঞ্জুমার” অর্থ আইনের ধারা ২ এর দফা (১২) এ সংজ্ঞায়িত ডেজিগনেটেড কঞ্জুমার;
- (ঝ) “ফরম” অর্থ এই প্রবিধানমালার কোনো ফরম;
- (ঞ) “বিধিমালা” অর্থ জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা, ২০১৬; এবং
- (ট) “স্থাপনা” অর্থ যে কোনো ইমারত বা ইমারতের অবিচ্ছেদ্য অংশ যেখানে অনূন ৫০ (পঞ্চাশ) কিলোওয়াট বা ততোধিক কিলোওয়াটের বৈদ্যুতিক সংযোগ রহিয়াছে এবং কারখানা ও দোকানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

২। এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইন বা বিধিমালায় যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

### দ্বিতীয় অধ্যায়

#### জ্বালানি নিরীক্ষকের যোগ্যতা, জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষা, ইত্যাদি

৩। জ্বালানি নিরীক্ষকের যোগ্যতা।—কর্তৃপক্ষ বা তদকর্তৃক নিযুক্ত কোনো প্রতিষ্ঠান কর্তৃক অনুষ্ঠিত জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষায় উত্তীর্ণ ব্যক্তি জ্বালানি নিরীক্ষক হইবেন।

৪। জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা।—জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত যে কোনো একটি যোগ্যতা থাকিতে হইবে, যথা:—

- (ক) বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূন ২ (দুই) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে স্নাতক ডিগ্রি;
- (খ) বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূন ১ (এক) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে স্নাতকসহ প্রকৌশল অথবা ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;
- (গ) বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূন ৩ (তিন) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ পদার্থ বিদ্যা, গণিত শাস্ত্র, রসায়ন শাস্ত্র বা সংশ্লিষ্ট যে কোনো ফলিত বিজ্ঞান বিষয়ে স্নাতকসহ নবায়নযোগ্য বা বিকল্প জ্বালানি বা টেকসই জ্বালানি বা জ্বালানি ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা

(ঘ) বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অন্যান্য ৬ (ছয়) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হইতে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে ডিপ্লোমা।

৫। জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষা পরিচালনা।—(১) কর্তৃপক্ষ স্বয়ং বা তদকর্তৃক নিযুক্ত কোনো প্রতিষ্ঠান জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষা পরিচালনা করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন কর্তৃপক্ষ কর্তৃক জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষা পরিচালনার ক্ষেত্রে প্রশাসনিক ও আর্থিক বিষয়ে স্বীয় বিবেচনায় যথোপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে।

(৩) উপ-প্রবিধান (১) এর অধীন কোনো প্রতিষ্ঠানকে জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষা পরিচালনার উদ্দেশ্যে নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষ, প্রয়োজনীয় মানদণ্ড নির্ধারণ করিবে এবং উক্তরূপ মানদণ্ড নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনা করিতে হইবে, যথা:—

- (ক) পরীক্ষা পরিচালনার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সক্ষমতা, ভৌত অবকাঠামোগত এবং উন্নত পরীক্ষাগারের সুবিধা;
- (খ) প্রশ্নপত্র প্রণয়ন ও উত্তরপত্র মূল্যায়নে চাহিদা অনুযায়ী প্রাপ্ত দক্ষ জনশক্তি;
- (গ) পূর্ববর্তী কাজের অভিজ্ঞতা; এবং
- (ঘ) কর্তৃপক্ষ কর্তৃক, সময় সময়, নির্ধারিত অন্যান্য মানদণ্ড।

(৪) কর্তৃপক্ষ, জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষা পরিচালনার জন্য কোনো উপযুক্ত প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করিতে পারিবে।

(৫) নিম্নবর্ণিত যে কোনো কারণে উপ-প্রবিধান (৪) এর অধীন সম্পাদিত চুক্তি বাতিল করা যাইবে, যদি উক্ত প্রতিষ্ঠান—

- (ক) এমন কোনো কাজ করে বা করা হইতে বিরত থাকে যাহা পেশাগত অসদাচরণ হিসাবে বিবেচিত;
- (খ) এমন কোনো কাজ করে যাহা জালিয়াতি হিসাবে বিবেচিত;
- (গ) যথাযথ পদ্ধতিতে পরীক্ষা পরিচালনা করিতে ব্যর্থ হয়;
- (ঘ) চুক্তির কোনো শর্ত লঙ্ঘন করে;
- (ঙ) এমন কোনো কাজ করে যাহাতে জনস্বার্থ লঙ্ঘিত হয় বা হইবার সম্ভাবনা থাকে; এবং
- (চ) যে কোনো অপ্রত্যাশিত ঘটনা (যাহার উপর প্রতিষ্ঠানের কোনো নিয়ন্ত্রণ নেই)।

(৬) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে শুনানির যুক্তিসঙ্গত সুযোগ প্রদান না করিয়া উপ-প্রবিধান (৫) এর অধীন কোনো চুক্তি বাতিল করা যাইবে না।

৬। জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষায় অংশ গ্রহণের বিজ্ঞপ্তি, ইত্যাদি।—(১) কর্তৃপক্ষ, প্রবিধান ৫ এর উপ-প্রবিধান (১) এর অধীন নিযুক্ত প্রতিষ্ঠান জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষা গ্রহণের তারিখ, সময় ও স্থান সম্পর্কে বিজ্ঞপ্তি জাতীয় পত্রিকা এবং ওয়েব সাইটে প্রকাশ করিবে।

(২) জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগ্রহী ব্যক্তিকে পে-অর্ডার বা ডিডি বা অন্য কোনো স্বীকৃত মাধ্যমে তফসিল-ক উল্লিখিত ফি প্রদানপূর্বক কর্তৃপক্ষ বরাবর ফরম-১ অনুসারে বা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য কোনো স্বীকৃত মাধ্যমে আবেদন করিতে হইবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ, বা ক্ষেত্রমত, তদকর্তৃক নিযুক্ত প্রতিষ্ঠান আবেদনপত্র যাচাই-বাছাই করিয়া যোগ্য প্রার্থীদের তালিকা প্রস্তুত করিবে এবং পরীক্ষা শুরু হইবার অন্তর ১৫ (পনেরো) দিন পূর্বে যোগ্য প্রার্থী বরাবর প্রবেশপত্র ইস্যু করিবে, যাহাতে পরীক্ষা শুরুর তারিখ, সময় ও স্থানের উল্লেখ থাকিবে।

(৪) কর্তৃপক্ষ অথবা তদকর্তৃক নিযুক্ত প্রতিষ্ঠান জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষা অনুষ্ঠানের অন্তর ২ (দুই) মাস পূর্বে সিলেবাস, পাঠ্যপুস্তকসহ প্রসপেক্টাস প্রস্তুতপূর্বক সহজে প্রাপ্তির লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করিবে এবং প্রয়োজনে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করিবে।

৭। জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষার বিষয়সমূহ এবং পরীক্ষায় উত্তীর্ণের মানদণ্ড।—(১) জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষার জন্য প্রার্থীকে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিষয়ে পরীক্ষা দিতে হইবে।

(২) জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষার মাধ্যম হইবে ইংরেজি।

(৩) প্রতিটি বিষয়ের উত্তীর্ণের নম্বর হইবে ৬০ (ষাট) শতাংশ, তবে কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কারিগরি কমিটির সুপারিশক্রমে, সময় সময়, উহা পরিবর্তন করা যাইবে।

(৪) যদি কোনো প্রার্থী কোনো এক বিষয়ে অনুত্তীর্ণ হন, সে ক্ষেত্রে উক্ত বিষয়ের জন্য তিনি তফসিল-ক তে উল্লিখিত ফি প্রদান সাপেক্ষে, সর্বোচ্চ ২ (দুই) বার উক্ত পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাইবেন।

৮। জ্বালানি নিরীক্ষক সনদ।—(১) কর্তৃপক্ষ, জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ফরম-২ অনুসারে জ্বালানি নিরীক্ষক সনদ প্রদান করিবে।

(২) কর্তৃপক্ষ, কারিগরি কমিটির সুপারিশক্রমে, সময় সময়, সনদপ্রাপ্ত বিদ্যমান জ্বালানি নিরীক্ষকগণকে নির্ধারিত মানদণ্ড প্রতিপালন সাপেক্ষে গ্রেড প্রদান করিতে পারিবে।

৯। জ্বালানি নিরীক্ষক সনদের মেয়াদ ও নবায়ন।—(১) জ্বালানি নিরীক্ষক সনদের মেয়াদ হইবে ৫ (পাঁচ) বৎসর এবং প্রতি ৫ (পাঁচ) বৎসর অন্তর অন্তর উহা নবায়নযোগ্য হইবে।

(২) জ্বালানি নিরীক্ষক সনদ নবায়নের উদ্দেশ্যে পে-অর্ডার বা ডিডি বা অন্য কোনো স্বীকৃত মাধ্যমে তফসিল-ক তে উল্লিখিত ফি প্রদান পূর্বক ফরম-৩ অনুসারে সনদের মেয়াদ উত্তীর্ণের ৬ (ছয়) মাসের মধ্যে কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ এর নিকট যদি প্রতীয়মান হয় যে, আবেদনকারীর পূর্ববর্তী কর্মকান্ড সন্তোষজনক এবং তিনি পূর্ববর্তী ৪ (চার) বৎসরে ন্যূনতম ৫ (পাঁচ) টি স্থাপনায় জ্বালানি নিরীক্ষা সম্পাদনপূর্বক প্রতিবেদন দাখিল করিয়াছেন এবং তাহা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হইয়াছে তাহা হইলে, তাহার জ্বালানি নিরীক্ষক সনদ নবায়ন করা যাইবে। কর্তৃপক্ষ, প্রয়োজনের নিরিখে, সময় সময়, এই মানদণ্ড পরিবর্তন করিতে পারিবে।

### তৃতীয় অধ্যায়

#### জ্বালানি ব্যবস্থাপকের যোগ্যতা, জ্বালানি ব্যবস্থাপকের প্রশিক্ষণ, মূল্যায়ন, ইত্যাদি

১০। জ্বালানি ব্যবস্থাপকের যোগ্যতা।—কর্তৃপক্ষ বা তদকর্তৃক নিযুক্ত কোনো প্রতিষ্ঠান কর্তৃক অনুষ্ঠিত জ্বালানি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণে অংশগ্রহণ ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে উত্তীর্ণ ব্যক্তি জ্বালানি ব্যবস্থাপক হইবেন।

১১। জ্বালানি ব্যবস্থাপক হিসাবে সনদ প্রাপ্তির লক্ষ্যে প্রশিক্ষণে অংশগ্রহণের যোগ্যতা।—জ্বালানি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত যে কোনো একটি যোগ্যতা থাকিতে হইবে, যথা:—

- (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে স্নাতক ডিগ্রি;
- (খ) বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূন ২ (দুই) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভৌত বা ফলিত বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রি; অথবা
- (গ) বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূন ৪ (চার) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হইতে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে ডিপ্লোমা।

১২। জ্বালানি ব্যবস্থাপক নির্বাচনে প্রশিক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনা।—(১) কর্তৃপক্ষ স্বয়ং বা তদকর্তৃক নিযুক্ত কোনো প্রতিষ্ঠান জ্বালানি ব্যবস্থাপকের প্রশিক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন কর্তৃপক্ষ জ্বালানি ব্যবস্থাপকের প্রশিক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রশাসনিক ও আর্থিক বিষয়ে স্বীয় বিবেচনায় যথোপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে।

(৩) কর্তৃপক্ষ জ্বালানি ব্যবস্থাপকের প্রশিক্ষণের সময়কাল নির্ধারণ, প্রশিক্ষক নির্বাচন ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নসহ সময় সময়, অন্যান্য মানদণ্ড নির্ধারণ বা পুনঃনির্ধারণ করিতে পারিবে।

(৪) উপ-প্রবিধান (১) এর অধীন কর্তৃপক্ষ কর্তৃক কোনো প্রতিষ্ঠানকে জ্বালানি ব্যবস্থাপকের প্রশিক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষ প্রয়োজনীয় মানদণ্ড নির্ধারণ করিবে এবং উক্তরূপ মানদণ্ড নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনা করিবে, যথা:—

- (ক) প্রশিক্ষণ পরিচালনার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সক্ষমতা, ভৌত অবকাঠামোগত এবং উন্নত পরীক্ষাগারের সুবিধা;
- (খ) প্রশিক্ষণ পরিচালনার জন্য দক্ষ জনশক্তি;
- (গ) পূর্ববর্তী কাজের অভিজ্ঞতা; এবং
- (ঘ) কর্তৃপক্ষ কর্তৃক, সময় সময়, নির্ধারিত অন্যান্য মানদণ্ড।

১৩। জ্বালানি ব্যবস্থাপক নির্বাচনে প্রশিক্ষণ ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে অংশগ্রহণের বিজ্ঞপ্তি, ইত্যাদি।—(১) কর্তৃপক্ষ জ্বালানি ব্যবস্থাপক নির্বাচনে প্রশিক্ষণ গ্রহণের জন্য তারিখ, সময় ও স্থান সম্পর্কে বিজ্ঞপ্তি জাতীয় পত্রিকা এবং ওয়েবসাইটে প্রকাশ করিবে।

(২) জ্বালানি ব্যবস্থাপক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আগ্রহী ব্যক্তিকে পে-অর্ডার বা ডিডি বা অন্য কোনো স্বীকৃত মাধ্যমে তফসিল-ক তে উল্লিখিত ফি প্রদান পূর্বক কর্তৃপক্ষ বরাবর ফরম-৪ অনুসারে বা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য কোনো মাধ্যমে আবেদন করিতে হইবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ, বা ক্ষেত্রমত, তদকর্তৃক নিযুক্ত প্রতিষ্ঠান আবেদনপত্র যাচাই-বাছাই করিয়া যোগ্য প্রার্থীদের তালিকা প্রস্তুত করিবে এবং প্রশিক্ষণ শুরু হইবার অনূন ৭ (সাত) দিন পূর্বে যোগ্য প্রার্থীকে প্রশিক্ষণ শুরুর তারিখ, সময় ও স্থান সম্পর্কে অবহিত করিবে।

১৪। জ্বালানি ব্যবস্থাপক প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে উত্তীর্ণের মানদণ্ড।—(১) জ্বালানি ব্যবস্থাপক হিসাবে সনদ প্রাপ্তির লক্ষ্যে প্রার্থীকে সার্বক্ষণিকভাবে প্রশিক্ষণ সেশনে উপস্থিত এবং কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মানদণ্ড অনুযায়ী প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে উত্তীর্ণ হইতে হইবে।

(২) প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে অনুত্তীর্ণ হইলে বা যুক্তিসঙ্গত কারণে অনুপস্থিত থাকিলে, সেক্ষেত্রে তিনি তফসিল-ক তে উল্লিখিত নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে, পরবর্তী নিয়মিত ৩ (তিন)টি মূল্যায়ন পরীক্ষার মধ্যে সর্বোচ্চ ২ (দুই) বার উক্ত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাইবেন।

১৫। জ্বালানি ব্যবস্থাপক সনদ।—(১) কর্তৃপক্ষ, জ্বালানি ব্যবস্থাপক নির্বাচনের ক্ষেত্রে প্রশিক্ষণ ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নের ভিত্তিতে উত্তীর্ণ প্রার্থীগণকে জ্বালানি ব্যবস্থাপক হিসাবে যোগ্যতা অর্জন করিয়াছেন মর্মে ফরম-৫ অনুসারে জ্বালানি ব্যবস্থাপক সনদ প্রদান করিবে।

(২) এই প্রবিধানমালা জারির পূর্বে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মানদণ্ড অনুযায়ী সনদপ্রাপ্ত জ্বালানি ব্যবস্থাপকগণ এই প্রবিধানমালার আওতায় সনদপ্রাপ্ত হইয়াছেন মর্মে গণ্য হইবেন।

১৬। জ্বালানি ব্যবস্থাপক সনদের মেয়াদ ও নবায়ন সংক্রান্ত।—(১) জ্বালানি ব্যবস্থাপক সনদের মেয়াদ হইবে ৫ (পাঁচ) বৎসর এবং প্রতি ৫ (পাঁচ) বৎসর অন্তর অন্তর নিম্নোক্ত শর্তপূরণ সাপেক্ষে উহা নবায়নযোগ্য হইবে।

(ক) জ্বালানি ব্যবস্থাপক সনদের মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৬ (ছয়) মাসের মধ্যে নবায়নের আবেদন করিতে হইবে; এবং

(খ) জ্বালানি ব্যবস্থাপক সনদ নবায়নের লক্ষ্যে আবেদনের তারিখ হতে পূর্ববর্তী ২ (দুই) বৎসরের মধ্যে কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত এতদসংশ্লিষ্ট যে কোনো রিফ্রেশার কোর্সে তফসিল-ক তে উল্লিখিত নির্ধারিত ফি প্রদান পূর্বক অংশগ্রহণ করিতে হইবে।

(২) জ্বালানি ব্যবস্থাপক সনদ নবায়নের উদ্দেশ্যে পে-অর্ডার বা ডিডি বা অন্য কোনো স্বীকৃত মাধ্যমে তফসিল-ক তে উল্লিখিত ফি প্রদান পূর্বক ফরম-৬ অনুসারে কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

১৭। জ্বালানি ব্যবস্থাপকের নিয়োগ।—ডেজিগনেটেড কঞ্জুমার (মেনোনীত ভোক্তা) হিসাবে ঘোষিত হওয়ার ১ (এক) বৎসরের মধ্যে তফসিল-খ অনুযায়ী ডেজিগনেটেড কঞ্জুমার (মেনোনীত ভোক্তা) ইহার স্থাপনায় নির্ধারিত সংখ্যক জ্বালানি ব্যবস্থাপক নিয়োগ প্রদান করিবে, তবে ডেজিগনেটেড কঞ্জুমার (মেনোনীত ভোক্তা) ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠানসমূহও ইহার স্থাপনায় জ্বালানি ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম তদারকির জন্য স্থায়ী বিবেচনায় জ্বালানি ব্যবস্থাপক নিয়োগ প্রদান করিতে পারিবে।

### চতুর্থ অধ্যায়

#### জ্বালানি ব্যবস্থাপক, জ্বালানি নিরীক্ষকের দায়িত্ব, ইত্যাদি

১৮। জ্বালানি ব্যবস্থাপকের দায়িত্ব।- জ্বালানি ব্যবস্থাপকের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

- (ক) ডেজিগনেটেড কঞ্জুমারের স্থাপনার প্রধান প্রধান যন্ত্রপাতি ও সিস্টেমের জ্বালানি দক্ষতা পরিবীক্ষণ করা;
- (খ) জ্বালানির অদক্ষ এবং অপচয়মূলক ব্যবহার হ্রাসের ব্যবস্থা করা; এবং
- (গ) জ্বালানি ব্যবহারের উপর ডেজিগনেটেড কঞ্জুমার কর্তৃক ফরম-৭ অনুযায়ী প্রতিপালন প্রতিবেদন এবং জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা, ২০১৬ এর তফসিল-ঘ অনুসারে বার্ষিক জ্বালানি প্রতিবেদন প্রণয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্য ও সহায়তা প্রদান করা।

১৯। জ্বালানি নিরীক্ষকের দায়িত্ব।- জ্বালানি নিরীক্ষকের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

- (ক) ডেজিগনেটেড কঞ্জুমারের স্থাপনায় এবং ক্ষুদ্র শিল্প ও মাঝারি শিল্প স্থাপনায় ফরম-৮ অনুসারে জ্বালানি নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুত করা এবং তা কর্তৃপক্ষের নিকট দাখিল করা;
- (খ) ব্যয় হ্রাস, কার্বন ফুটপ্রিন্ট হ্রাস, ব্যবসায়িক প্রতিযোগিতায় উৎকর্ষতা ইত্যাদি বিষয়সহ জ্বালানি দক্ষতা ও সংরক্ষণের সার্বিক সুফল সম্পর্কে তথ্য প্রদানের মাধ্যমে গ্রাহককে উদ্বুদ্ধ করা; এবং
- (গ) জ্বালানি দক্ষতা ও সংরক্ষণের সার্বিক বিষয়ে ডেজিগনেটেড কঞ্জুমারকে অবহিত করা।

### পঞ্চম অধ্যায়

#### জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানের নিবন্ধন, ইত্যাদি

২০। জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন।—(১) জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধনের জন্য তফসিল-ক তে উল্লিখিত আবেদন ফি প্রদানপূর্বক ফরম-৯ অনুসারে কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(২) জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানে অন্ত্যন ২ (দুই) জন জ্বালানি নিরীক্ষক এবং ১ (এক) জন বি.এস. সি ইঞ্জিনিয়ার থাকিতে হইবে এবং জ্বালানি নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি বা সরঞ্জামাদির সংস্থান থাকিতে হইবে।

(৩) উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্ত আবেদন যাচাইয়ের পর নিবন্ধনযোগ্য বলিয়া বিবেচিত হইলে কর্তৃপক্ষ আবেদনকারীকে তফসিল-ক তে উল্লিখিত নির্ধারিত নিবন্ধন ফি প্রদানের অনুরোধ জানাইবে এবং ফি প্রাপ্তি সাপেক্ষে ফরম-১০ অনুসারে আবেদনকারী প্রতিষ্ঠানকে জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান হিসাবে নিবন্ধন সনদ প্রদান করিবে।

(৪) উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্ত আবেদন যাচাইয়ের পর নিবন্ধনযোগ্য বলিয়া বিবেচিত না হইলে কর্তৃপক্ষ উহার কারণ উল্লেখপূর্বক আবেদনটি নামঞ্জুর করিবে এবং সংশ্লিষ্ট আবেদনকারীকে উহা অবহিত করিবে।

(৫) উপ-প্রবিধান (৩) এর অধীন নিবন্ধিত জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানের মেয়াদ হইবে ১ (এক) বৎসর এবং উক্ত নিবন্ধন নবায়নের উদ্দেশ্যে পে-অর্ডার বা ডিডি বা অন্য কোনো স্বীকৃত মাধ্যমে তফসিল-ক তে উল্লিখিত নবায়ন ফি প্রদান পূর্বক ফরম-১১ অনুসারে কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(৬) নিবন্ধিত জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান প্রবিধান ৪ এ উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন সর্বোচ্চ ৫ (পাঁচ) জন ব্যক্তিকে সর্বনিম্ন ৬ (ছয়) মাসের জন্য শিক্ষানবিশ হিসাবে নিয়োগ প্রদান করিতে পারিবে এবং শিক্ষানবিশ হিসাবে নিয়োগের ১০ (দশ) দিনের মধ্যে কর্তৃপক্ষকে উহা অবহিত করিতে হইবে।

(৭) উপ-প্রবিধান (৫) এর অধীন নিযুক্ত শিক্ষানবিশের কর্ম অভিজ্ঞতার সময়কাল উক্ত প্রতিষ্ঠানে যোগদানের তারিখ হইতে আরম্ভ হইবে।

**২১। বিদেশি জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানের নিবন্ধন।**—(১) কোনো বিদেশি জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধনে আগ্রহী হইলে উহার নিজ দেশের এক্রেডিটেশন বা নিবন্ধন কর্তৃপক্ষের অনুমতি বা লাইসেন্স এবং জ্বালানি নিরীক্ষা বিষয়ক অভিজ্ঞতার দলিলসহ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ সন্তুষ্ট হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান হিসাবে সনদ প্রদান করিতে পারিবে অথবা সন্তুষ্ট না হইলে আবেদনটি প্রত্যাখ্যান করিতে পারিবে।

## ষষ্ঠ অধ্যায়

### বিবিধ

**২২। রেজিস্টার বহি লিপিবদ্ধকরণ ও তালিকা সংরক্ষণ, ইত্যাদি।**—কর্তৃপক্ষ, ফরম-১২ অনুসারে জ্বালানি নিরীক্ষক, ফরম-১৩ অনুসারে জ্বালানি ব্যবস্থাপকের এবং ফরম-১৪ অনুসারে নিবন্ধিত জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানের রেজিস্টার বহি লিপিবদ্ধকরণ ও তালিকা সংরক্ষণ করিবে এবং কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রদর্শন করিবে।

**২৩। জ্বালানি নিরীক্ষকের সনদ ও জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানের নিবন্ধন বাতিল।**—(১) কর্তৃপক্ষ, নিম্নবর্ণিত কোনো কারণে জ্বালানি নিরীক্ষকের সনদ বা জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানের নিবন্ধন বাতিল করিতে পারিবে, যদি জ্বালানি নিরীক্ষক বা জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান—

- (ক) এমন কোনো কাজ করে অথবা কাজ করা হইতে বিরত থাকে যাহা পেশাগত অসদাচরণ হিসাবে বিবেচিত;
- (খ) ত্রুটিপূর্ণ, অসত্য বিভ্রান্তিকর বা মিথ্যা তথ্য প্রদান করিয়া সনদ বা, ক্ষেত্রমত, নিবন্ধন গ্রহণ করিলে;
- (গ) জ্বালানি ব্যবহার সংক্রান্ত প্রণীত প্রতিবেদনে তথ্য ও উপাত্ত মিথ্যাভাবে প্রদান করিলে;
- (ঘ) ফরম-৮ অনুসারে জ্বালানি নিরীক্ষা করিতে ব্যর্থ হইলে; অথবা



(৬) কর্তৃপক্ষ অথবা তদকর্তৃক অনুমোদিত কোনো প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ অথবা জ্বালানি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণে পূর্ববর্তী ৫ (পাঁচ) বৎসরের অংশগ্রহণ করিতে ব্যর্থ হইলে।

(২) জ্বালানি নিরীক্ষক বা, ক্ষেত্রমত, জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানকে শুনানির যুক্তিসঙ্গত সুযোগ প্রদান না করিয়া উপ-প্রবিধান (১) এর অধীন জ্বালানি নিরীক্ষক সনদ বা জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানের নিবন্ধন বাতিল করা যাইবে না।

(৩) উপ-প্রবিধান (১) এর অধীন জ্বালানি নিরীক্ষক বা জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানের সনদ বাতিল করা হইলে, সংশ্লিষ্ট রেজিস্টার বহি ও তালিকা হইতে উক্ত জ্বালানি নিরীক্ষক বা জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানের নাম কর্তন করিতে হইবে এবং তদনুযায়ী ওয়েবসাইটেও সংশোধন করিতে হইবে।

(৪) উপ-প্রবিধান (১) এর অধীন কোনো জ্বালানি নিরীক্ষকের সনদ বা জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানের নিবন্ধন বাতিল করা হইলে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান জ্বালানি নিরীক্ষা কাজ করিতে পারিবে না।

(৫) উপ-প্রবিধান (১) এর অধীন কোনো জ্বালানি নিরীক্ষক সনদ বা জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানের নিবন্ধন সনদ বাতিল করা হইলে, ডেজিগনেটেড কঞ্জুমারগণকে উহা অবহিত করিতে হইবে।

২৪। **পুনর্বিবেচনা বা আপীল।**—(১) প্রবিধান ২৩ এর অধীন কোনো জ্বালানি নিরীক্ষকের সনদ বা জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানের নিবন্ধন বাতিল করা হইলে, বাতিল আদেশ প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে তফসিল-ক তে উল্লিখিত ফি প্রদান সাপেক্ষে, কর্তৃপক্ষের নিকট পুনর্বিবেচনার আবেদন অথবা সরকারের নিকট আপীল করা যাইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন পুনর্বিবেচনার আবেদন করা হইলে কর্তৃপক্ষ উপযুক্ত মনে করিলে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে উক্ত জ্বালানি নিরীক্ষকের সনদ বা জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানের নিবন্ধন পুনর্বহাল করিতে পারিবে।

(৩) উপ-প্রবিধান (১) এর অধীন সরকারের নিকট আপীল করা হইলে, উক্ত বিষয়ে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২৫। **সনদের অনুলিপি প্রদান।**—তফসিল-ক তে উল্লিখিত ফি প্রদান সাপেক্ষে, কোনো জ্বালানি নিরীক্ষক, জ্বালানি ব্যবস্থাপক বা জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষ সনদের অনুলিপি প্রদান করিতে পারিবে।

২৬। **তফসিল ও ফরমসমূহ সংশোধন।**—কর্তৃপক্ষ, সময় সময়, তফসিল ও ফরমসমূহ সংশোধন করিতে পারিবে।

২৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) জ্বালানি নিরীক্ষা প্রবিধানমালা, ২০১৮, অতঃপর উক্ত প্রবিধানমালা বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত প্রবিধানমালার অধীন,—

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা, প্রদত্ত নিবন্ধন, ইস্যুকৃত সনদ, জারীকৃত বিজ্ঞপ্তি বা নোটিশ এই প্রবিধানমালার অধীন কৃত, গৃহীত, ইস্যুকৃত, জারীকৃত বা প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) কোনো কার্য নিষ্পন্নাদীন থাকিলে উহা এই প্রবিধানমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

## তফসিল- ক

[প্রবিধান ৬(২), ৭(৪), ৯(২), ১৩(২), ১৪(২), ১৬(১)(খ), ১৬(২), ২০(১),(৩),(৫), ২৪(১) ও ২৫ দ্রষ্টব্য]

## ফি'সমূহ (অফেরতযোগ্য)

ক্রমিক নং	ফি' এর ধরণ	পরিমাণ (টাকা)	
১.	জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষা সংক্রান্ত ফি	আবেদন ফি	২০০০/-
		পরীক্ষা ফি	১০,০০০/-
		মোট	১২,০০০/-
২.	জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষার এক বিষয়ে অনুত্তীর্ণ হইলে পুনরায় ঐ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ফি	৬,০০০/-	
৩.	জ্বালানি নিরীক্ষক সনদ নবায়ন ফি	১০,০০০/-	
৪.	জ্বালানি ব্যবস্থাপক সনদ সংক্রান্ত প্রশিক্ষণে অংশগ্রহণের আবেদন ফি	১০,০০০/-	
৫.	জ্বালানি ব্যবস্থাপক প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে অনুত্তীর্ণ হইলে পুনরায় প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে অংশগ্রহণের আবেদন ফি	৫,০০০/-	
৬.	জ্বালানি ব্যবস্থাপক সনদ নবায়নের লক্ষ্যে কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত রিফ্রেশার কোর্সে অংশগ্রহণের আবেদন ফি	৮,০০০/-	
৭.	জ্বালানি ব্যবস্থাপক সনদ নবায়ন ফি	১০,০০০/-	
৮.	জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন সংক্রান্ত আবেদন ফি	৫,০০০/-	
৯.	জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন ফি	৫০,০০০/-	
১০.	জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন নবায়ন ফি	১০,০০০/-	
১১.	জ্বালানি নিরীক্ষক সনদের বাতিল আদেশ পুনর্বিবেচনার আবেদন ফি	৫,০০০/-	
১২.	জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন সনদের বাতিল আদেশ পুনর্বিবেচনার আবেদন ফি	২০,০০০/-	
১৩.	সনদের অনুলিপি প্রাপ্তি সংক্রান্ত ফি	জ্বালানি নিরীক্ষক সনদের অনুলিপি	১০,০০০/-
		জ্বালানি ব্যবস্থাপক সনদের অনুলিপি	১০,০০০/-
		জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন সনদের অনুলিপি	২০,০০০/-

## তফসিল-খ

[প্রবিধান ১৭ দ্রষ্টব্য]

## ডেজিগনেটেড কঙ্কুমার (মনোনীত ভোক্তা) কর্তৃক জ্বালানি ব্যবস্থাপক নিয়োগ

ক্রমিক নং	জ্বালানি ব্যবহারের উপর ভিত্তি করে ডেজিগনেটেড কঙ্কুমার (মনোনীত ভোক্তা) শ্রেণী (TOE*/Year)	জ্বালানি ব্যবস্থাপকের সংখ্যা (জন)
(১)	(২)	(৩)
১.	$5000 \leq \text{TOE}/\text{Year}$	২ (ন্যূনতম)
২.	$1500 \leq \text{TOE}/\text{Year} < 5000$	১ অথবা ২
** ৩.	$0 < \text{TOE}/\text{Year} < 1500$	১ (ঐচ্ছিক)

\*TOE = Ton of Oil Equivalent

\*\* ডেজিগনেটেড কঙ্কুমার (মনোনীত ভোক্তা) ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠানের জন্য।

## ফরম-১

[প্রবিধান ৬ (২) দ্রষ্টব্য]

জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন

ছবি

পরীক্ষার সেশন: .....

সাল:.....

১. পরীক্ষার নাম: জ্বালানি নিরীক্ষক সনদ
২. প্রার্থীর নাম: .....  
(প্রথম নাম) (মধ্য নাম) (শেষ নাম)
৩. পিতার নাম : .....  
(প্রথম নাম) (মধ্য নাম) (শেষ নাম)
৪. মাতার নাম: .....  
(প্রথম নাম) (মধ্য নাম) (শেষ নাম)
৫. বর্তমান ঠিকানা: গ্রাম/বাড়ি/ফ্ল্যাট নং: .....  
রোড/ব্লক/সেক্টর:.....  
পুলিশ স্টেশন:..... পোস্ট অফিস:.....  
পোস্ট কোড: ..... জেলা:.....  
যোগাযোগের নম্বর (ল্যান্ড লাইন): .....  
সেলফোন: .....  
ই-মেইল ঠিকানা: .....
৬. স্থায়ী ঠিকানা: গ্রাম/বাড়ি/ফ্ল্যাট নং: .....  
রোড/ব্লক/সেক্টর:.....  
পুলিশ স্টেশন:..... পোস্ট অফিস:.....  
পোস্ট কোড: ..... জেলা:.....  
যোগাযোগের নম্বর (ল্যান্ডলাইন): .....  
সেলফোন: .....  
ই-মেইল ঠিকানা: .....

৭. জন্ম তারিখ: ...../...../.....(দিন/মাস/সাল)
৮. জাতীয়তা : .....
৯. জাতীয় পরিচয় নম্বর: .....
১০. লিঙ্গ : পুরুষ ( )/মহিলা ( )
১১. চাকরিগত অবস্থান: চাকরিজীবী ( ) আত্মকর্মসংস্থান ( ) বেকার ( )
১২. বর্তমান চাকরির বিবরণ: পদবি:.....  
প্রতিষ্ঠান/কোম্পানির নাম: .....  
টেলিফোন (অফিস): .....ফ্যাক্স: .....  
অফিসের ঠিকানা: .....
১৩. মোট কর্ম অভিজ্ঞতা: .....বৎসর.....মাস

## ১৪. কাজের অভিজ্ঞতা:

ক্রমিক নং	কর্মরত প্রতিষ্ঠানের নাম	পদবি	বৎসর		কাজের বিবরণ (সংক্ষেপে ৫০ অক্ষরের মধ্যে)
			হইতে	পর্যন্ত	

## ১৫. শিক্ষাগত যোগ্যতা:

ক্রমিক নং	ডিগ্রির বিবরণ	বিষয়	পাসের বৎসর	বোর্ড/বিশ্ববিদ্যালয়

১৬. পে অর্ডার/ডিডি/অন্য কোনো স্বীকৃত মাধ্যমের নং: .....টাকার পরিমাণ:.....  
তারিখ: ....., ব্যাংকের নাম:.....।

**প্রার্থী কর্তৃক ঘোষণা**

আমি এই মর্মে ঘোষণা প্রদান করিতেছি যে, এই দরখাস্তে এবং সংযুক্তিতে যে সকল তথ্য প্রদান করা হইয়াছে তাহা আমার জানা মতে সত্য। আমি সম্মত আছি যে, যদি প্রদত্ত কোনো তথ্য অসত্য বলিয়া প্রমাণিত হয়, সেই ক্ষেত্রে আমার পরীক্ষায় আবেদন বাতিলযোগ্য হইবে অথবা পরবর্তীতে আমাকে প্রদত্ত সনদও বাতিলযোগ্য হইবে। আমি প্রসপেক্টাসে বর্ণিত পরীক্ষার নিয়ম কানুন মানিয়া চলিব।

তারিখ:.....

.....

প্রার্থীর নাম ও স্বাক্ষর

\*নোট- ফরমের সহিত সহায়ক দলিলাদির অনুলিপি সংযুক্ত করিতে হইবে

**অফিস কর্তৃক পরীণীয়**

প্রাপ্তির তারিখ: .....প্রাপ্তির ক্রমিক নং: .....প্রাপকের স্বাক্ষর ও সীল: .....  
 আবেদন ফরম ও সংযুক্ত দলিলাদি পরীক্ষা করা হইল এবং ইহা সঠিক রহিয়াছে/ইহাতে ভুল রহিয়াছে,  
 নিম্নোক্ত কারণে বাতিলযোগ্য: .....  
 পরীক্ষার্থীর রোল নম্বর: ..... সেশন: .....

ফরম-২

[প্রবিধান ৮ (১) দ্রষ্টব্য]



টেকসই ও নবায়ন যোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ

বিদ্যুৎ বিভাগ

জ্বালানি নিরীক্ষক সনদ

জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষার সকল বিষয়ে উত্তীর্ণ হওয়ায় .....  
পিতা:....., মাতা:.....কে  
জ্বালানি নিরীক্ষক সনদ প্রদান করা হইলো। যার নিবন্ধন নং:.....,  
তারিখ:.....। এই সনদ প্রতি পাঁচ বৎসর অন্তর অন্তর নবায়নযোগ্য।



স্বাক্ষর ও সীল

## ফরম-৩

[প্রবিধান ৯(২) দ্রষ্টব্য]

## জ্বালানি নিরীক্ষক সনদ নবায়নের আবেদন

বরাবর,

চেয়ারম্যান

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা)

আইইবি ভবন, রমনা, ঢাকা

বিষয়: জ্বালানি নিরীক্ষক সনদ নবায়নের আবেদন।

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, আমি জ্বালানি নিরীক্ষা প্রবিধানমালায় বর্ণিত বিধানাবলী প্রতিপালন পূর্বক সনদ প্রাপ্ত জ্বালানি নিরীক্ষক হিসেবে সুনামের সহিত দায়িত্ব পালন করিতেছি। এক্ষণে, আমি আমার জ্বালানি নিরীক্ষক সনদের অনুলিপি সহ সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সংযুক্ত করিয়া জ্বালানি নিরীক্ষক সনদ নবায়নের আবেদন করিতেছি।

২. আবেদনের সহিত সনদ নবায়ন ফি বাবদ টাকা..... পে  
অর্ডার/ডিডি/অন্য কোনো স্বীকৃত মাধ্যমের নং.....তারিখ.....সংযুক্ত করা হইল।

## সংযুক্তি:

১. জ্বালানি সাশ্রয় ও সম্ভাব্য কার্বন নিঃসরণ হ্রাস সংক্রান্ত স্বঘোষিত বিবৃতি।

একান্তভাবে আপনার,

(স্বাক্ষর ও তারিখ)

.....

(ঠিকানা)



## ফরম-৪

[প্রবিধান ১৩ (২) দৃষ্টব্য]

জ্ঞাননি ব্যবস্থাপকের প্রশিক্ষণে অংশ গ্রহণের জন্য আবেদন

ছবি

১.	প্রার্থীর নাম:	বাংলা: .....					
		ইংরেজীতে (বড় অক্ষরে):.....					
২.	পিতার নাম:	.....					
৩.	মাতার নাম:	.....					
৪.	ঠিকানা:	বর্তমান	স্থায়ী				
	গ্রাম/বাড়ি/ফ্ল্যাট নম্বর:	.....	.....				
	রোড/ব্লক/সেক্টর:	.....	.....				
	পুলিশ স্টেশন:	.....	.....				
	পোস্ট অফিস:	.....	.....				
	পোস্ট কোড:	.....	.....				
	জেলা:	.....	.....				
৫.	যোগাযোগ:	ফোন নম্বর:.....	ই-মেইল:.....				
৬.	জন্ম তারিখ: .....	৭.	জাতীয়তা:.....				
৮.	জাতীয় পরিচয় নম্বর:.....	৯.	লিঙ্গ:.....				
১০.	চাকরিগত অবস্থান:	চাকরিজীবী ( ), আত্মকর্মসংস্থান ( ), বেকার ( )					
১১.	কাজের অভিজ্ঞতা:						
	ক্রমিক নং	কর্মরত প্রতিষ্ঠানের নাম	পদবি	বৎসর		কাজের বিবরণ (সংক্ষেপে ৫০ অক্ষরের মধ্যে)	
				হইতে	পর্যন্ত		

১২.	শিক্ষাগত যোগ্যতা:				
	ক্রমিক নং	ডিগ্রির বিবরণ	বিষয়	পাসের বৎসর	বোর্ড/বিশ্ববিদ্যালয়
১৩.	পে অর্ডার/ডিডি/অন্য কোনো স্বীকৃত মাধ্যমের নং:.....			টাকার পরিমাণ:.....	
	ব্যাংকের নাম:.....			তারিখ: .....	
১৪.	আমি এই মর্মে ঘোষণা প্রদান করিতেছি যে, এই দরখাস্তে এবং সংযুক্তিতে যে সকল তথ্য প্রদান করা হইয়াছে তাহা আমার জানামতে সত্য।				
	তারিখ: প্রার্থীর স্বাক্ষর				

### প্রার্থী কর্তৃক ঘোষণা

আমি এই মর্মে ঘোষণা প্রদান করিতেছি যে, এই দরখাস্তে এবং সংযুক্তিতে যে সকল তথ্য প্রদান করা হইয়াছে তাহা আমার জানা মতে সত্য। আমি সম্মত আছি যে, যদি প্রদত্ত কোনো তথ্য অসত্য বলিয়া প্রমাণিত হয়, সেই ক্ষেত্রে আমার প্রশিক্ষণে অংশ গ্রহণের আবেদন বাতিল যোগ্য হইবে অথবা পরবর্তীতে আমাকে প্রদত্ত সনদ ও বাতিলযোগ্য হইবে। আমি প্রসপেক্টাসে বর্ণিত প্রশিক্ষণ এবং/অথবা পরীক্ষার নিয়ম কানুন মানিয়া চলিব।

তারিখ:.....

.....

প্রার্থীর নাম ও স্বাক্ষর

\*নোট- ফরমের সহিত সহায়ক দলিলাদির অনুলিপি সংযুক্ত করিতে হইবে

অফিস কর্তৃক পূরণীয়

প্রাপ্তির তারিখ: .....প্রাপ্তির ক্রমিক নং: .....প্রাপকের স্বাক্ষর ও সীল: .....

আবেদন ফরম ও সংযুক্ত দলিলাদি পরীক্ষা করা হইল এবং ইহা সঠিক রহিয়াছে/ইহাতে ভুল রহিয়াছে,  
নিম্নোক্ত কারণে বাতিল যোগ্য:.....প্রশিক্ষণের

ব্যাচ এবং/অথবা পরীক্ষার্থীর রোল নম্বর : ..... সেশন : .....

## ফরম-৫

[প্রবিধান ১৫ দ্রষ্টব্য]



## টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)

## বিদ্যুৎ বিভাগ

## জ্বালানি ব্যবস্থাপক সনদ

জ্বালানি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণে অংশগ্রহণ এবং প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে উত্তীর্ণ হওয়ায়....., পিতা:....., মাতা:..... কে জ্বালানি ব্যবস্থাপক সনদ প্রদান করা হইলো। যাহার নিবন্ধন নং:....., তারিখ:.....। এই সনদ প্রতি পাঁচ বৎসর অন্তর অন্তর নবায়নযোগ্য।

স্বাক্ষর ও সীল



ফরম-৬

[প্রবিধান ১৬(২) দ্রষ্টব্য]

জ্বালানি ব্যবস্থাপক সনদ নবায়নের আবেদন

বরাবর,

চেয়ারম্যান

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)

আইইবিভবন, রমনা, ঢাকা

বিষয়: জ্বালানি ব্যবস্থাপক সনদ নবায়নের আবেদন।

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, আমি জ্বালানি নিরীক্ষা প্রবিধানমালায় বর্ণিত বিধানাবলী প্রতিপালন পূর্বক সনদ প্রাপ্ত জ্বালানি ব্যবস্থাপক হিসাবে সুনামের সহিত দায়িত্ব পালন করিতেছি। এক্ষণে, আমি আমার জ্বালানি ব্যবস্থাপক সনদের অনুলিপিসহ সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সংযুক্ত করিয়া জ্বালানি ব্যবস্থাপক সনদ নবায়নের আবেদন করিতেছি।

২. আবেদনের সহিত সনদ নবায়ন ফি বাবদ টাকা..... পে

অর্ডার/ডিডি/অন্য কোনো স্বীকৃত মাধ্যমের নং.....তারিখ.....সংযুক্ত করা হইল।

একান্তভাবে আপনার,

(স্বাক্ষর ও তারিখ)

.....

(ঠিকানা)



৯. প্রযুক্তি (সংযুক্ত তালিকা)		হ্যাঁ	না	ক্ষমতা	অন্যান্য
ক	পাম্প				
খ	ফ্যান				
গ	কম্প্রসার				
ঘ	বয়লার				
ঙ	চিলার				
চ	ফার্নেস				
ছ	জেনারেটর				
জ	সোলার প্যানেল				
ঝ	অন্যান্য (যদি থাকে)				

২. পূর্ববর্তী ৩ বৎসরের নির্দিষ্ট জ্বালানি ব্যবহার (Specific Energy Consumption)/জ্বালানি ব্যবহারের তীব্রতা (Energy Use Intensity)

বৎসর	নির্দিষ্ট জ্বালানি ব্যবহার (Specific Energy Consumption)/জ্বালানি ব্যবহারের তীব্রতা (Energy Use Intensity)
বৎসর-১	
বৎসর-২	
বৎসর-৩	

৩. সর্বশেষ জ্বালানি নিরীক্ষা সম্পাদনের তারিখ .....

৪. জ্বালানি নিরীক্ষাকালীন চিহ্নিত জ্বালানি সাশ্রয়ী ব্যবস্থাসমূহের সংক্ষিপ্ত তালিকা:-

ক্রমিক নং	জ্বালানি সাশ্রয়ী ব্যবস্থা সমূহ	প্রাক্কলিত সাশ্রয়		প্রাক্কলিত বিনিয়োগ (টাকা)	বাস্তবায়নের পর্যায়
		সাশ্রয়কৃত জ্বালানি (TOE or kWh)/ বৎসর	টাকা/বৎসর		

৫. প্রকল্প বাস্তবায়নে স্টেডার কারিগরি সহায়তার প্রয়োজন রহিয়াছে কিনা? (অনুগ্রহপূর্বক সহায়তা সম্পর্কিত সংক্ষিপ্ত বিবরণ দিন)

- কারিগরি তথ্য প্রদান/যন্ত্রপাতির প্রাপ্যতা/সার্ভিসিং সহায়তা/ভেস্তরবিষয়ক/অর্থায়ন/সাশ্রয় প্রতিপাদন ইত্যাদি বিষয় সংক্রান্ত।



ফরম-৮

[প্রবিধি ১৯(ক) এবং ২৩ (ঘ) দ্রষ্টব্য]

(কারিগরি প্রকৃতির হওয়ায় ইংরেজিতে ব্যবহৃত)

(GUIDELINES FOR PREPARATION OF ENERGY AUDIT REPORT)

**ENERGY AUDIT REPORT**

for

[Name]

[Location]

[Logo (optional)]

Prepared by

[Name, Professional Qualifications]

[Name of the Energy Audit Firm]

[Logo (optional)]

Report Date: [dd mm yy]

(The Energy Audit Report shall contain the following items)

1. Disclaimer
2. Acknowledgement
3. History of previous energy audit findings

[Make a simple table for track record of previous energy audit report]

Date	Auditors/Firm name and registration number	Findings and recommendations

#### 4. Executive Summary

[This section shall contain following items.]

4.1 Plant/systems descriptions (just in a summary basis)

4.2 Current energy intensity status

4.3 Current energy efficiency of the systems based on field data)

4.4 Key observations

4.5 Energy Savings Measures or Recommendations

To provide brief description of the process followed for identification of energy conservation measures and their techno-economic assessment and summary table for the identified and recommended measures for implementation.

**Table: Summary of the EE & C measures with financial analysis**

SL.	Measures	Estimated Energy Savings	Estimated monetary Savings	Investment	Simple Payback Period	NPV	IRR
		TOE/Year Or kWh/Year	BDT/Year	BDT/Year	Years	BDT	%
Total							

Energy savings measures should be classified as per followings.

- Short-term Measures (No/low-cost measures)
- Medium-term Measures (medium cost measures)
- Long -term Measures (**high-cost measures**)

#### 4.6 Projected Energy Efficiency Improvement

- a) Comparison of current and projected energy efficiency of the equipment
- b) Comparison of baseline and projected overall specific energy consumption

### 5. Table of Contents

### 6. List of Tables

### 7. List of Figures

### 8. Unit of measurement

### 9. Abbreviations and definitions

### 10. Introduction

#### 10.1 General facility details and descriptions

<b>Name of the facility</b>	
Address/Location	
Internet Web Page	
Sector/Type of the facility	
<b>Contact Person (Management)</b>	
Designation	
Phone	
E-mail Address	
<b>Contact Person (Energy manager/ Representative)</b>	
Designation	
Phone	
E-mail Address	
<b>Contact person (Production Manager)</b>	
Designation	
Phone	
E-mail Address	

## 10.2 Energy Auditor/ Energy Audit Firm details

Energy Auditor/ Firm Name:	
Category of the auditor (Put tick mark where applicable)	Certified Energy Auditor/Designated Energy Auditor/Empanelled Energy Audit Firm/ Energy Manager
Registration number of Energy Auditor/ Energy Audit Firm	
Address	
Zip code/City	
Contact Person (Lead Energy Auditor)	
E-mail:	
Mobile number:	
Additional Information	

## 10.3 Objective of Energy audit

## 10.4 Scope of Energy audit

## 10.5 Energy Audit Methodology (flow chart with descriptions)

## 10.6 Production Process Description [for industry]

## 10.6.1 Breif description of products manufacturing process

## 10.6.2 Process flow diagram and major unit operations

Detail description of Building (Type, area, operational schedule, envelop materials, type of utility, etc.) – [for building]

## 11 Energy and Utility System description

## 11.1 List of utilities including production machines

11.2 Energy metering and measurement system

Meter	Utility (Electricity/Gas)	Location & Area Metered	Monitoring Requirements
[Meter Name]		[physical location for the meter and area]	Comments if it needs to be manually read and at what frequency (perhaps initially).

11.3 Brief Description of each utility (with single line diagram)

- 11.3.1 Electricity
- 11.3.2 Steam
- 11.3.3 Water
- 11.3.4 Compressed air
- 11.3.5 Chilled water
- 11.3.6 Cooling water
- 11.3.7 Others (specified if any)

12 **Review of trend of energy consumption with production**

- 12.1 Component of production cost (raw materials, products, annual production, annual cost of raw materials, cost of energy per unit of production, energy resources, chemicals, manpower, overhead, others).
- 12.2 Significant energy users and areas (with pie charts)

Breakdown of energy use, cost and CO<sub>2</sub> emission at the premises

SN	Type of energy	Energy Consumption, TOE	%	Energy Cost, BDT	%	tCO <sub>2</sub> , (MT/yr)
1						
2						
3						
4						
<b>Total</b>						

[Add two pie chart containing % of share of energy consumption and cost.]

## 12.3 Production and energy consumption trend (with graph)

- For Industry

Months	Production (Ton)	Energy Consumption (TOE)	Specific Energy Consumption (TOE/Ton)
<b>Average</b>			

[ Units of all forms of energy should be converted to Ton of Oil Equivalent (TOE) for the calculation of overall specific energy consumption]

- For Power plant

Months	Energy Input to generation unit (TOE)	Auxiliary Electricity Consumption from grid (TOE) [Please convert the unit kWh to TOE ]	Total Energy Input (TOE)	Auxiliary Electricity Consumption from its own generation (TOE) [Please convert the unit kWh to TOE ]	Electricity exported to Grid (MWh)	Total Electricity Production from generation unit (MWh)	Overall Specific Energy Consumption (TOE/MWh)
<b>Average</b>							

[Electricity Production from the generation units is the sum of Exported electricity and auxiliary consumption of the Power plant.]

- For Building

Months	Area (m <sup>2</sup> )	Energy Consumption (kWh)	Energy Use Intensity- EUI (kWh/m <sup>2</sup> /year)
<b>Average</b>			

12.4 Regression analysis of energy consumption with production

12.5 Analysis of CUSUM graph

[CUSUM graph helps to make comments on existing energy savings measures.]

**13 Detailed process flow diagram with energy and material balance**

13.1 Flow chart showing flow rate, temperature, pressures of all input - output streams

13.2 Material and Energy balance for entire facility

**14. Energy efficiency in utility and process systems (not limited to the following items)**

- Boiler efficiency assessment
- Thermic Fluid Heater performance assessment
- Furnace efficiency Analysis
- Cooling water system performance assessment
- Diesel Generator set performance assessment
- Refrigeration system performance
- Compressed air system performance
- Electric motor load analysis
- Lighting system assesment
- Fan performance assesment
- Production Machines performance assesment(specified if any)
- Renewable energy usage
- Analysis of thermal insulation condition of building envelop system - [for building]
- Others (specified if any)



## 15. Energy Savings Measures & Recommendations

- 15.1 Opportunities of Renewable energy use
- 15.2 List of options in terms of No cost/ Low Cost, Medium cost and high investment Cost, Annual Energy & Cost savings, and financial analysis

### Summary of Energy saving measures/Recommendations

SL.	Measures	Estimated Energy Savings	Estimated monetary Savings	Investment	Simple Payback Period	NPV	IRR
		TOE/Year Or kWh/Year	BDT/Year	BDT/Year	Years	BDT	%
Total							

- 15.3 Implementation plan for energy saving measures or projects
  - 15.3.1 Short term (immediate) measures (no investment)
  - 15.3.2 Medium Term measures (low investment)
  - 15.3.3 Long Term Measures (high investment)

## 16. Implementation issues

- 16.1 Technology

(To describe availability of the recommended equipments in the country and if there would be any issue in sourcing the technology and back up services. Need for special training of operation and maintenance staff to be included)

**16.2 Installation**

(To provide a basic layout drawing and highlighting if there would be any difficulty in installation of the recommended retrofit)

**16.3 Financing**

(To incorporate information on availability of concessional finance or other monetary and fiscal benefits including carbon benefits and guidance on what the DC can do to derive the benefit)

**16.4 Risk and mitigation measures**

(Carry out a brief analysis of potential risks (technology, market, energy savings, financing and possible mitigation measures)

**17. Conclusions**

(Carry out a summary analysis considering the potential benefits and risks and prepare the final recommendations classifying the projects under short, medium and long term measures.

**18. Annexures:**

A1. List of inventories of all the equipment with specifications

A2. List of standards used in calculation

A3. List of Energy Audit related worksheets [Parameters used in calculation, Scanned copies of printed raw data (say, flue gas analysis copy generated by flue gas analyzer, power logger analyzer data and so on]

A4. Individual Calculation sheet for all Energy Efficiency and Conservation measures recommended

A5. List of instruments with calibration certificates

A6. Energy Auditor Certificate/ Registration certificate of Energy Audit firm

A7. List of vendors or other technical details

A8. Others (any other documents relevant to Energy Audit may be attached)

## ফরম-৯

[প্রবিধান ২০(১) দ্রষ্টব্য]

## জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধনের জন্য আবেদন

ছবি

বরাবর,

চেয়ারম্যান

টেকসই ও নবায়ন যোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)

আইইবিভবন, রমনা, ঢাকা

বিষয়: জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধনের জন্য আবেদন।

মহোদয়,

আমি/আমরা .....নিম্নবর্ণিত দলিলাদি সংযুক্ত করিয়া একটি জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করিতেছি—

- (ক) জ্বালানি নিরীক্ষকগণের জ্বালানি নিরীক্ষক সনদের অনুলিপি;
- (খ) প্রতিষ্ঠান গঠন সংক্রান্ত তথ্যাদি (সংলাগ-১);
- (গ) যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত হালনাগদকৃত ট্রেড লাইসেন্সের অনুলিপি;
- (ঘ) কোম্পানি গঠন সংক্রান্ত সহায়ক দলিলাদি (যদি ইহা কোম্পানি হইয়া থাকে);
- (ঙ) প্রতিষ্ঠানের ঠিকানা সংক্রান্ত দলিলাদি (ভাড়া অথবা মালিকানার স্বপক্ষে দলিল);
- (চ) হালনাগাদ ট্যাক্স সনদ;
- (ছ) অন্যান্য তথ্য বা দলিলাদি (যদি থাকে)।

২. আবেদনের সহিত জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধনের আবেদন ফি বাবদ টাকা.....  
পেঅর্ডার/ডিডি/অন্য কোনো স্বীকৃত মাধ্যমের নং..... তারিখ ..... সংযুক্ত  
করা হইল।

প্রতিষ্ঠানের পক্ষে,

(স্বাক্ষর ও তারিখ)

(পদবি).....

(ঠিকানা).....

ফরম-১০

[প্রবিধান ২০(৩) দ্রষ্টব্য]



টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)

বিদ্যুৎ বিভাগ

জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন সনদ

নিবন্ধন নং: .....

তারিখ: .....

এই মর্মে জ্বালানি নিরীক্ষা কার্যক্রম পরিচালনার নিমিত্তে .....জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত শর্তে জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন সনদ প্রদান করা হইল, যথা—

- (ক) ইহা ১ (এক) বৎসর পর্যন্ত বলবৎ থাকিবে;
- (খ) ইহা প্রতি বৎসর নবায়ন করিতে হইবে;
- (গ) কোনো কারণে এই সনদ বাতিল করা হইলে, বাতিলের ১৫ (পনেরো) দিনের মধ্যে ইহা কর্তৃপক্ষ বরাবর জমা প্রদান করিতে হইবে।



স্বাক্ষর ও সীল

ফরম-১১

[প্রবিধান ২০(৫) দ্রষ্টব্য]

জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন সনদ নবায়নের আবেদন

বরাবর,

চেয়ারম্যান

টেকসই ও নবায়ন যোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা)

আইইবিভবন, রমনা, ঢাকা

বিষয়: জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন সনদ নবায়নের আবেদন।

মহোদয়,

আমি/আমরা ..... জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী। আমি/আমরা উক্ত প্রতিষ্ঠানের পক্ষে জ্বালানি নিরীক্ষা প্রবিধিমালায় বর্ণিত প্রবিধানসমূহ প্রতিপালনপূর্বক সুনামের সহিত দায়িত্ব পালন করিয়া আসিতেছি। এক্ষণে, আমি/ আমরা জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন সনদের অনুলিপিসহ নবায়নের জন্য আবেদন করিতেছি।

২. আবেদনের সহিত জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন সনদ নবায়ন ফি বাবদ টাকা....., পে অর্ডার/ডিডি/অন্য কোনো স্বীকৃত মাধ্যমের নং..... তারিখ..... সংযুক্ত করা হইল।

প্রতিষ্ঠানের পক্ষে,

(স্বাক্ষর ও তারিখ)

(পদবি).....

(ঠিকানা).....

## ফরম-১২

[প্রবিধান ২২ দ্রষ্টব্য]

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা)

আইইবি ভবন, রমনা, ঢাকা

জ্বালানি নিরীক্ষক এর রেজিস্টার বহি

ছবি

তারিখ: .....(দিন/মাস/সাল)

ক. সনদ সংক্রান্ত তথ্য

জ্বালানি নিরীক্ষকের নাম .....

(প্রথম নাম)

(মধ্য নাম)

(শেষ নাম)

১. পিতার নাম

(প্রথম নাম)

(মধ্য নাম)

(শেষ নাম)

২. মাতার নাম

(প্রথম নাম)

(মধ্য নাম)

(শেষ নাম)

৩. পরীক্ষার রোল নং

৪. সনদের নিবন্ধন নং

৫. গ্রেড (প্রযোজ্য ক্ষেত্রে)

৬. নিবন্ধন বহিতে অন্তর্ভুক্তির  
তারিখ

৭. সনদ প্রদানের তারিখ

৮. সনদ রিভ্যালিডেশনের  
তারিখ

৯. রিভ্যালিডেশন সংক্রান্ত তথ্য ১।

২।

৩।

খ. যোগাযোগ সংক্রান্ত তথ্য

১০. বর্তমান ঠিকানা গ্রাম/বাড়ি/ফ্ল্যাটনং: ..... রোড/ব্লক/সেক্টর:.....  
 পুলিশ স্টেশন:..... পোস্ট অফিস: .....  
 পোস্ট কোড: ..... জেলা: .....  
 যোগাযোগের নম্বর (ল্যান্ড লাইন):.....সেল ফোন: .....  
 ই-মেইল ঠিকানা : .....
১১. স্থায়ী ঠিকানা গ্রাম/বাড়ি/ফ্ল্যাটনং: .....রোড/ব্লক/সেক্টর:.....  
 পুলিশ স্টেশন:..... পোস্ট অফিস: .....  
 পোস্ট কোড: ..... জেলা: .....  
 যোগাযোগের নম্বর (ল্যান্ড লাইন):.....সেল ফোন: .....  
 ই-মেইল ঠিকানা : .....

গ. কর্ম অভিজ্ঞতা

ক্র. নং	প্রতিষ্ঠান/কোম্পানির নাম	পদবি	বৎসর		সংক্ষেপে কাজের বিবরণ
			হইতে	পর্যন্ত	

ঘ. ব্যক্তিগত তথ্য

১২. জন্ম তারিখ ...../...../.....(দিন/মাস/কাল)
১৩. জাতীয়তা
১৪. জাতীয় পরিচয় নম্বর
১৫. লিঙ্গ পুরুষ ()/মহিলা ()

## ১৬. শিক্ষাগত যোগ্যতা

ক্রমিক নং	ডিগ্রি/ডিপ্লোমার বিবরণ	মূল বিষয়সমূহ	পাসের বছর	বোর্ড/বিশ্ববিদ্যালয়

## ঙ. মন্তব্য:



## ফরম-১৩

[প্রবিধান ২২ দ্রষ্টব্য]

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা)

আইইবি ভবন, রমনা, ঢাকা

জ্বালানি ব্যবস্থাপক এর রেজিস্টার বহি

ছবি

তারিখ: .....(দিন/মাস/সাল)

ক.	সনদ সংক্রান্ত তথ্য	
	জ্বালানি ব্যবস্থাপকের নাম	..... (প্রথম নাম) (মধ্য নাম) (শেষ নাম)
১.	পিতার নাম	..... (প্রথম নাম) (মধ্য নাম) (শেষ নাম)
২.	মাতার নাম	..... (প্রথম নাম) (মধ্য নাম) (শেষ নাম)
৩.	প্রশিক্ষণের ব্যাচ এবং রোল	
৪.	সনদের নিবন্ধন নং	
৫.	নিবন্ধন বহিতে অন্তর্ভুক্তির তারিখ	
৬.	সনদ প্রদানের তারিখ	
৭.	যোগাযোগ সংক্রান্ত তথ্য	
৮.	বর্তমান ঠিকানা	গ্রাম/বাড়ি/ফ্ল্যাটনং: ..... রোড/ব্লক/সেক্টর:..... পুলিশ স্টেশন:..... পোস্ট অফিস: .....পোস্ট কোড: ..... জেলা: .....যোগাযোগের নম্বর (ল্যান্ড লাইন):.....সেল ফোন: ..... ই-মেইল ঠিকানা : .....

৯.	স্থায়ী ঠিকানা	গ্রাম/বাড়ি/ফ্ল্যাটনং:..... রোড/ব্লক/সেক্টর:..... পুলিশ স্টেশন: ..... পোস্ট অফিস:..... পোস্ট কোড: ..... জেলা: ..... যোগাযোগের নম্বর (ল্যান্ড লাইন):..... সেলফোন: ..... ই-মেইল ঠিকানা : .....			
১০.	কর্ম অভিজ্ঞতা				
ক্রমিক নং	প্রতিষ্ঠান/কোম্পানির নাম	পদবি	বৎসর		সংক্ষেপে কাজের বিবরণ
			হইতে	পর্যন্ত	
১১.	ব্যক্তিগত তথ্য				
ক.	জন্ম তারিখ	...../...../.....(দিন/মাস/কাল)			
খ.	জাতীয়তা				
গ.	জাতীয় পরিচয় নম্বর				
ঘ.	লিঙ্গ	পুরুষ ()/মহিলা ()			
১২.	শিক্ষাগত যোগ্যতা				
ক্রমিক নং	ডিগ্রি/ডিপ্লোমার বিবরণ	মূল বিষয়সমূহ	পাসের বৎসর	বোর্ড/বিশ্ববিদ্যালয়	

১৩. মন্তব্য:

ফরম-১৪

[প্রবিধান ২২ দ্রষ্টব্য]

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা)

আইইবি ভবন, রমনা, ঢাকা

জ্বালানি নিরীক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন রেজিস্টার বহি

ক. নিবন্ধন সনদ সংক্রান্ত তথ্যাবলি:-

১. নিবন্ধন নম্বর :

২. নিবন্ধন সনদ প্রদানের তারিখ: ..... (দিন/মাস/সাল)

খ. প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য:-

৩. প্রতিষ্ঠানের নাম:

৪. প্রতিষ্ঠানের ধরন:

৫. টেলিফোন নম্বর ও ইমেইল ঠিকানা সহ প্রতিষ্ঠানের পেশাগত ঠিকানা:

৬. প্রতিষ্ঠান প্রতিষ্ঠার সন:

৭. জ্বালানি নিরীক্ষা শুরুর তারিখ :

৮. শাখা অফিসের সংখ্যা (যদি থাকে) ও ঠিকানা:

৯. পদবির ঠিকানা, টেলিফোন নং, মোবাইল ও ফ্যাক্স নম্বর ও ইমেইল ঠিকানাসহ যোগাযোগকারী ব্যক্তির নাম:

গ. সহযোগী জ্বালানি বিশেষজ্ঞের বিবরণ:—

১০. কত জন ব্যক্তি রহিয়াছে:

১১. (ক) সার্বক্ষণিক জ্বালানি নিরীক্ষকের সংখ্যা ও তাহাদের পূর্ণনাম, পিতার নাম, জ্বালানি নিরীক্ষক সনদ প্রদানের তারিখ, নিবন্ধন নং, পরীক্ষার রোল নম্বর, ই-মেইল, মোবাইল নম্বর, ঠিকানাসহ ইত্যাদি বিস্তারিত তথ্য :

(খ) সাময়িক জ্বালানি নিরীক্ষকের সংখ্যা ও তাহাদের পূর্ণনাম, জ্বালানি নিরীক্ষক সনদ প্রদানের তারিখ, নিবন্ধন নং, পরীক্ষার রোল নম্বর, ই-মেইল, মোবাইল নম্বর, ঠিকানাসহ ইত্যাদি বিস্তারিত তথ্য:

(গ) বি. এস. সি ইঞ্জিনিয়ারের সংখ্যা, তাহাদের পূর্ণনাম, পিতার নাম, ই-মেইল, মোবাইল নম্বর, ঠিকানাসহ ইত্যাদি বিস্তারিত তথ্য:

- (ঘ) শিক্ষানবিশ ছাত্রের সংখ্যা ও তাহাদের পূর্ণনাম, পিতার নাম, ই-মেইল, মোবাইল নম্বর, ঠিকানাসহ ইত্যাদি বিস্তারিত তথ্য:
১২. প্রতিষ্ঠার পর হইতে কোন কোন খাতে জ্বালানি নিরীক্ষক/জ্বালানি নিরীক্ষা ফার্ম কর্তৃক নিরীক্ষা সম্পাদন করা হইয়াছে:
১৩. বিষয় ভিত্তিক দক্ষতা:-
- (ক) জ্বালানি নিরীক্ষা প্রক্রিয়া পদ্ধতি (খাতের তালিকা), সম্পাদন না করা হইয়া থাকিলে প্রযোজ্য নহে।
- (খ) থারমাল পদ্ধতির জ্বালানি নিরীক্ষা (সেক্টরের তালিকা)
- (গ) বৈদ্যুতিক ইউটিলিটি পদ্ধতির জ্বালানি নিরীক্ষা (সেক্টরের তালিকা)
১৪. জ্বালানি নিরীক্ষা সম্পাদনের জন্য যে সকল যন্ত্রপাতি রহিয়াছে-
- (ক) বৈদ্যুতিক সংক্রান্ত যন্ত্রপাতির তালিকা
- (খ) থারমাল সংক্রান্ত যন্ত্রপাতির তালিকা
১৫. জ্বালানি সাশ্রয় ও নিরীক্ষা বিষয়ে গত ৩ বৎসরে প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজনের বিবরণ:
- ঘ. মন্তব্য:

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষের আদেশক্রমে

**ফারজানা মমতাজ**

সদস্য (অতিরিক্ত সচিব)

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্ট্রেডা)

বিদ্যুৎ বিভাগ

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd